

**নম্বর ও বিষয়
কমছে জেএসসি
জেডিসিতে**

নিজস্ব প্রতিবেদক
শিক্ষার্থীদের ওপর থেকে চাপ কমাতে
এ বছর জুনিয়র স্কুল সার্টিফিকেট
(জেএসসি) এবং জুনিয়র দাখিল
সার্টিফিকেট (জেডিসি) পরীক্ষায় বিষয়
ও নম্বর কমিয়ে আনা হচ্ছে। এবার
৭টি বিষয়ে ৬৫০ নম্বরের পরীক্ষা
নেওয়ার সিদ্ধান্ত হয়েছে। কৃষি ও
গার্হস্থ্য বিজ্ঞান বিষয়ের পরীক্ষা হবে
না। গতকাল আঞ্চলিক বোর্ড পরীক্ষা
নিয়ন্ত্রক এরপর পৃষ্ঠা ১১, কলাম ৩

নম্বর ও বিষয় কমছে

(প্রথম পৃষ্ঠার পর) উপ-কমিটির সভায় এ
নিষ্ক্রান্ত নেওয়া হয়। সভায় সভাপতিত্ব করেন আঞ্চলিক
বোর্ড সময় কমিটির সভাপতি ও ঢাকা
শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক মু
জিয়াউল হক। তিনি বলেন, আমরা এবার পরীক্ষার বিষয়
ও নম্বর কমিয়ে আনার সিদ্ধান্ত নিয়েছি।
সাতটি বিষয়ে পরীক্ষা হবে। বাংলা ও
ইংরেজিতে ১৫০ নম্বরের পরীক্ষা নেওয়া
হতো। এবার থেকে ১০০ নম্বরের পরীক্ষা
নেওয়ার জন্য প্রস্তাব করেছে। বাংলা প্রথম
ও দ্বিতীয়পত্র এবং ইংরেজি প্রথম ও
দ্বিতীয়পত্রের জন্য (উভয় পত্র মিলে)
১০০ করে ২০০ নম্বরের পরীক্ষা হবে।
গণিত, বিজ্ঞান, ধর্ম, বাংলাদেশ ও
বিশ্বপরিচয় বিষয়ের জন্য ১০০ নম্বরের
পরীক্ষা অনুষ্ঠিত হবে। তথ্যপ্রযুক্তির
পরীক্ষা হবে ৫০ নম্বরের। মেট্রি ৬৫০
নম্বরের পরীক্ষা হবে। মন্ত্রণালয় এ প্রস্তাব
অনুমোদন দিলে এ বছর তা বাস্তবায়ন
করা হবে।

২০১৭ সালের জেএসসি-জেডিসি
পরীক্ষায় পরীক্ষার্থীদের ৮টি বিষয়ে ৮৫০
নম্বরের পরীক্ষায় অংশ নিতে হয়েছে।
বাংলা প্রথমপত্র ১০০, দ্বিতীয়পত্র ৫০,
ইংরেজি প্রথমপত্র ১০০, দ্বিতীয়পত্র ৫০,
গণিত, ধর্ম, বিজ্ঞান, বাংলাদেশ ও
বিশ্বপরিচয়, গার্হস্থ্য অর্থনীতি/কৃষি বিষয়ে
১০০ করে এবং তথ্যপ্রযুক্তিতে ৫০
নম্বরসহ মোট ৮৫০ নম্বরের পরীক্ষা
অনুষ্ঠিত হয়।

২০১৭ সালের জেএসসি ও জেডিসি
পরীক্ষায় চারু ও কারুকলা, শারীরিক
শিক্ষা ও কর্মমুখী শিক্ষা বাদ দেওয়া
হয়েছিল। এবার বাদ দেওয়া হচ্ছে কৃষি ও
গার্হস্থ্য বিজ্ঞান। আর বাংলা ও ইংরেজির
দুই পত্র মিলে ৫০ নম্বর করে কমিয়ে
পরীক্ষা নেওয়া হবে। যেসব বিষয়ের
লিখিত পরীক্ষা হবে না, সেসব বিষয়ের
ধারাবাহিক মূল্যায়ন করবে শিক্ষা
প্রতিষ্ঠান।

ব্যানবেইস পরিচালকের কার্যালয়	
প্রাপ্তি নং.....	
তারিখ.....	
চীফ, পরিদপ্তর বিভাগ	
চীফ, ডি.এল.পি বিভাগ	
মিস্টার ম্যানেজার	
সিনিয়র সিস্টেম এনালিস্ট	
প্রশাসনিক কর্মকর্তা	
ডি.এ.	
কার্যার্থে/স্বাক্ষরার্থে	
স্বাক্ষর	